# সলিমুল্লাহ মেডিকেল কলেজের শিক্ষার্থী ভূমিকম্পে নিহত




সংগৃহীত ছবি

রাজধানীতে ভয়াবহ ভূমিকম্পের সময় সলিমুল্লাহ মেডিকেল কলেজের এক শিক্ষার্থী রাফিউল ইসলাম প্রাণ হারিয়েছেন। শুক্রবার সকালে মায়ের সঙ্গে বাজারে বের হওয়ার সময় হঠাৎ পাশে একটি ৫ তলা ভবনের অংশ ধসে তার মাথায় আঘাত লাগে এবং ঘটনাস্থলেই তিনি মারা যান।

রাফিউল তার পরিবারসহ বংশাল কসাইটুলী এলাকায় থাকতেন। প্রত্যক্ষদর্শীদের মতে, ধ্বসের ফলে তিনজন আহতের মধ্যে রাফিউল ইসলাম অন্যতম। বাকি দুজনের পরিচয় এখনও পাওয়া যায়নি।

প্রসঙ্গত, শুক্রবার সকাল ১০টা ৩৮ মিনিটে রাজধানীসহ দেশে ভূমিকম্প অনুভূত হয়, যা কয়েক সেকেন্ড স্থায়ী হয়।

LENS ASIA